গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী

**এবং**

# অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী

**এর মধ্যে স্বাক্ষরিত**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ১, ২০২০-জুন ৩০,২০২১**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩-৫ |
| ২ | উপক্রমণিকা | ৬ |
| ৩ | সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৭ |
| ৪ | সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব **(Outcome/Impact)** | ৮ |
| ৫ | **সেকশন ৩:** কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৯-১৩ |
| ৬ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৪ |
| ৭ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৫-১৭ |
| ৮ | সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৮ |

## উপজেলা ভূমি অফিস, সেনবাগ, নোয়াখালী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Upazila Land office, Senbagh,Noakhali)
## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ :

১। ভূমি ব্যবস্থাপনায় ভূমি সংক্রান্ত আইন কানুনের যথাযথ প্রয়োগ এবং ভূমি সংক্রান্ত তথ্য ও রেকর্ড হালনাগাদকরণ ও সেবা প্রদানের লক্ষ্যে সেনবাগ উপজেলা ভূমি অফিসের রেকর্ডরুম ডিজিটালাইজেশন করা হয়েছে এবং নথি ব্যবস্থাপনা হালনাগাদ করা হয়েছে।

২। উপজেলা ভূমি অফিসসহ সকল ইউনিয়ন ভূমি অফিসে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার (নাগরিক সনদ) স্থাপন করা হয়েছে এবং সেবাপ্রার্থীদের অভিযোগ ও পরামর্শ গ্রহণের জন্য অভিযোগ/পরামর্শ বক্স স্থাপন করা হয়েছে।

৩। উন্মুক্ত শুনানীর মাধ্যমে ভূমি সেবা গ্রহীতাদের বক্তব্য গ্রহণ করে স্বচ্ছতা আনয়ন করা হয়েছে।

৪। সেবাপ্রার্থীগণ যাতে কোন তথ্য অনুসন্ধান করতে হয়রানির শিকার না হয় সেজন্য এ অফিসে তথ্যকেন্দ্র কাম হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে।

৫। অফিসে দালাল ও ফড়িয়া শ্রেণির লোকদের প্রবেশ রোধকল্পে মোবাইল কোর্টের মাধ্যমে দণ্ড প্রদান করা হচ্ছে এবং সেবা প্রার্থীদের হয়রানি লাঘবে কার্যকর ব্যবস্থার প্রবর্তন করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :

১। এ উপজেলার ০৭টি ইউনিয়ন ভূমি অফিস রয়েছে তার মধ্যে একটি ইউনিয়ন ভূমি অফিসের নিজস্ব ভবন না থাকায় ইউনিয়ন পরিষদের ভবনে অফিসের কার্যক্রম চলমান রয়েছে।

২। ক্রমবর্ধমান কাজের সাথে পাল্লা দিয়ে উপজেলা ভূমি অফিসসহ বেশীরভাগ ইউনিয়ন ভূমি অফিসে জনবল সংকট প্রবল আকার ধারণ করেছে।

৩। দলিল সম্পাদনের ব্যবস্থাপনা ডিজিটালাইড না হওয়ার কারণে নামজারি/জমাখারিজ কার্যক্রমে বিভিন্ন জটিলতা ও প্রতিবন্ধকতার সৃষ্টি হয়।

# ভবিষ্যৎ পরিকল্পনাঃ

## রূপকল্প :

১। সেনবাগ উপজেলার অন্তর্গত ৭ টি ইউনিয়ন ভূমি অফিসের মধ্যে ১ (এক) টি ইউনিয়ন ভূমি অফিসকে মডেল ইউনিয়ন ভূমি অফিসের পরিণত করা এবং পর্যায়ক্রমে সকল ইউনিয়ন ভূমি অফিসে উক্ত মডেল বাস্তবায়ন করা।

২। সেনবাগ উপজেলা ভূমি অফিসকে একটি প্রকৃত সেবাবান্ধব, হয়রানীমুক্ত, দালালমুক্ত এবং জনসম্পৃক্ত মডেল ভূমি অফিসে পরিণত করা ।

## এ লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হবে :

১। তথ্যপ্রযুক্তি নির্ভর স্বচ্ছ, গতিশীল এবং দুর্নীতিমুক্ত ভূমি অফিস গঠনের মাধ্যমে ই-ভূমি সেবা প্রদানের লক্ষ্যে উপজেলা ভূমি অফিসসহ সকল ইউনিয়ন ভূমি অফিসে One Stop Service চালু করা হবে।

২। পর্যায়ক্রমে সকল ইউনিয়ন ভূমি অফিসের সকল ভূমি সেবা অনলাইনের মাধ্যমে সহজীকরণ করা হবে।

৩। মিস মামলা, রেন্ট সার্টিফিকেট মামলা, ভূমি উন্নয়ন কর আদায়সহ অন্যান্য কার্যক্রম অনলাইনভিত্তিক/সফটওয়্যারভিত্তিক করা হবে।

৪। এক টেলিফোনে কাঙ্খিত ভূমি সেবা পাওয়ার লক্ষ্যে অফিসের সকল ডেস্কে ইন্টারকম সিস্টেম চালু করা হবে। ফলশ্রুতিতে, সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তির ক্ষেত্রে অজ্ঞতা ও বিড়ম্বনা দূরীভূত হবে এবং মধ্যস্বত্ত্বভোগীদের দ্বারা সেবা গ্রহীতাদের হয়রানি লাঘব করা সম্ভব হবে।

## Innovation মূলক কার্যক্রম :

১। উপজেলার সকল খাসজমি চিহ্নিতপূর্বক ডিজিটাল ম্যাপ তৈরী করা হবে।

২। সেবা প্রদান পদ্ধতি সহজীকরণের মাধ্যমে অধিক জনসম্পৃক্ততা এবং দালালমুক্ত করা হবে।

৩। ভূমি উন্নয়ন কর আদায় সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে সরেজমিন পরিদর্শনপূর্বক নতুন সৃজিত খতিয়ানে হাল খাজনার পরিমাণ লিপিবদ্ধ করা হবে।

৪। ডিজিটাল ম্যাপে সেনবাগ উপজেলার সকল খাল চিহ্নিত পূর্বক খাল হতে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে।

৫। পেরিফেরিভুক্ত সকল হাট-বাজারের সাবেক নক্শা হাল নকশায় পরিণত করা হবে।

৬। রেকর্ডরুমের রেকর্ড এবং জরাজীর্ণ নকশাসহ সকল নকশা ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের ব্যবস্থা করা হবে।

৭। সেবাবান্ধব অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে।

## ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

১। ৪৫০০ টি মিউটেশন কেস নিষ্পত্তির মাধ্যমে ৪০০০ টি খতিয়ান হালনাগাদকরণ হবে।

২। ভূমি উন্নয়ন কর ও কর বহির্ভুত রাজস্বের বিভিন্ন খাত, ভিপি সম্পত্তির লীজমানি হতে রাজস্ব আদায় বৃদ্ধি করা হবে।

৩। সরকারী সকল খাসজমি চিহ্নিতপূর্বক ডিজিটাল ম্যাপ তৈরী।

৪। খতিয়ানে ভূমি উন্নয়ন করের হালদাবী সংযোজন।

৫। আশ্রায়ন প্রকল্প ও খাসজমি বন্দোবস্তের মাধ্যমে এ উপজেলাকে ভিক্ষুক ও ভূমিহীনমুক্ত করা হবে।

৬। পেরীফেরীভুক্ত হাটবাজারের সকল তথ্যের ডাটাবেজ তৈরী করা হবে।

৭। অর্পিত সম্পত্তির সকল তথ্যের ডাটাবেজ তৈরী করা হবে।

৮। ‘ক’ শ্রেণীর ভূমিহীনদের তালিকা করে ভূমিহীন পূনর্বাসন করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী

এবং

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী

এর মধ্যে ২০২০সালের জুলাই মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ, স্বচ্ছ এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দক্ষ, আধুনিক ও টেকসই ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে ভূমি সংক্রান্ত জনবান্ধবসেবা নিশ্চিতকরণ

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ভূমি ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি
২. রাজস্ব সংগ্রহ বৃদ্ধি
৩. ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস
৪. ভূমি বিরোধ হ্রাস

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২.দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩.তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪.কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬.আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

১.সরকারের ভূমি সংস্কার নীতি বাস্তবায়ন
২.ভূমি রাজস্ব/ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ, আদায়, কর বহির্ভূত রাজস্ব আদায় এবং ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
৩.ভূমি রাজস্ব প্রশাসনের কর্মকর্তাদের কার্যক্রম তত্ত্বাবধান
৪.ভূমি রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের দপ্তরগুলোর বাজেট ব্যবস্থাপনাও তদারকি
৫.উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন, তত্ত্বাবধানও পরিবীক্ষণ
৬. খাসজমি ব্যবস্থাপনা
৭. অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা
৮.সায়রাত মহাল ব্যবস্থাপনা
৯.গুচ্ছগ্রাম সৃজন

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ০১ | ইউএলএও | ইউনিয়ন ল্যান্ড এ্যাসিসটেন্ট অফিসার/<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা |
| ০২ | ইউএলএসএও | ইউনিয়ন ল্যান্ড সাবএ্যাসিসটেন্ট অফিসার/<br>ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা |
| ০৩ | এসএফ | স্টেটমেন্ট অফ ফ্যাক্ট/দফাওয়ারি জবাব |

আমি, সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী, সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

-------------------------------- ------------------

সহকারী কমিশনার (ভূমি) তারিখ:

সেনবাগ, নোয়াখালী

--------------------------------

-------------------------- --------------------

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তারিখ:

নোয়াখালী

-------------------------------